

রাবিতে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যাত্রা শুরু

রাবি প্রতিনিধি



ছবি : কালের কঠ

৭২ বছরের ইতিহাসে প্রথমবারের মতো রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শুরু হলো অ্যালামনাই

অ্যাসোসিয়েশনের আনুষ্ঠানিক কার্যক্রম। রবিবার (৩ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আয়োজিত
এক অনুষ্ঠানে নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণের মধ্য দিয়ে এই যাত্রা শুরু হয়।

আরো পড়ুন



প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের ২৩৮২ পদে সরাসরি নিয়োগ

এতে দায়িত্ব নেন রংয়ার সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন। সাবেক শিক্ষার্থীদের এই সংগঠন বিশ্ববিদ্যালয় ও অ্যালামনাইদের মধ্যে যোগসূত্র তৈরির পাশাপাশি অবদান রাখবে উন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনায় এমনটাই প্রত্যাশা অংশগ্রহণকারীদের।

অনুষ্ঠানে রংয়ার নবনির্বাচিত কমিটির নেতারা উপস্থিত ছিলেন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক সালেহ হাসান নকীব, উপ-উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন খান, অধ্যাপক মাস্টিন উদ্দিন, কোষাধ্যক্ষ অধ্যাপক মতিয়ার রহমান প্রমুখ।

আরো পড়ুন



তাড়া নিয়ে শ্রমিকদের সঙ্গে শিক্ষার্থীদের বাকবিতঙ্গ, প্রতিবাদে সড়ক অবরোধ

রংয়ার নবনির্বাচিত সভাপতি রফিকুল ইসলাম বলেন, বিগত ৭২ বছরের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এবারই প্রথম রংয়া নির্বাচন হয়েছে। আপনারা জানেন রংয়া একটি অরাজনৈতিক সংগঠন।

আমরা অরাজনেতিকভাবেই রুয়ার উদ্দেশ্যকে সামনে রেখে এগিয়ে যাব। আমি বিশ্বাস করি, আমরা আমাদের ত্যাগ, মেধা দিয়ে রুয়ার সাথে কাজ করে যাব। এ ব্যাপারে আমরা রুয়ার পৃষ্ঠপোষকসহ সকলের পরামর্শ চাই। আপনারা পরামর্শ দিয়ে আমাদের পাশে থাকবেন।

সবার সম্মিলিত চেষ্টায় রুয়াকে কার্যকর রূপ দান করবো।

আরো পড়ুন



গণ-অভ্যুত্থান বদলে দেয় জানে আলম অপুর ভাগ্য

উপ-উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন খান বলেন, নির্বাচনে বিজয়ী অ্যালামনাসরা আমাদের বিশ্ববিদ্যালয়ের একেকজন অ্যাস্বাসেডর। দেশের ৬৪ জেলাতেই আমাদের অ্যাস্বাসেডর রয়েছে। আজকের দিনটা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জন্য একটি ইতিহাস হয়ে থাকলো। আজ থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসন আর একা নয়।

সবসময় আমাদের পাশে আপনাদের পাব এই আশা রাখি। আমি আশা রাখি আপনারা যে মতামতেরই হোন রুয়া কার্যকরের ব্যাপারে সেই মতামতের প্রভাব ফেলবেন না।

প্রসঙ্গত, গত ২৬ জুলাই ৭২ বছর পর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন রঞ্জার
প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়।